

মিডিয়া বিজ্ঞপ্তি (ঢাকা)- ডিসেম্বর ২৭, ২০১৭

মেমোরান্ডাম অফ এসোসিয়েশনে (MA) পরিবর্তন আনলো সামিট পাওয়ার লিমিটেডে



ফটো ক্যাপশনঃ সামিট পাওয়ার লিমিটেডের ১৬তম অতিরিক্ত সাধারণ সভা (EGM) অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন সামিট গ্রুপ অফ কোম্পানীজের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান। (বাম থেকে: সামিট পাওয়ার লিমিটেডের ভাইস চেয়ারম্যান মো. লতিফ খান, সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান ও সামিট পাওয়ার লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক লেঃ জেঃ (অবঃ) ইঞ্জিঃ আবদুল ওয়াদুদ।)

ব্যবসা সম্প্রসারণের অংশ হিসেবে কোম্পানীর মেমোরান্ডাম অফ এসোসিয়েশনে (MA) পরিবর্তন আনলো সামিট পাওয়ার লিমিটেড। রাজধানীর খামারবাড়ীর কৃষিবিদ ইনস্টিটিউট কমপ্লেক্সে ২৭ ডিসেম্বর, ২০১৭ ইং তারিখে অনুষ্ঠিত ১৬তম অতিরিক্ত সাধারণ সভায় (EGM) এ ঘোষণা দেওয়া হয়। এর ফলে সামিট পাওয়ার লিমিটেড এখন থেকে বাংলাদেশ পলম্বী বিদ্যুতায়ন বোর্ড (BREB) সহ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (BPDB) এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে দেশীয় বিভিন্ন প্রতিষ্ঠান ছাড়াও বিদেশী প্রতিষ্ঠানের জন্য বিদ্যুৎ উৎপাদন করতে পারবে।

সামিট গ্রুপ অফ কোম্পানীজের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খানের সভাপতিত্বে এ সভায় উপস্থিত ছিলেন ভাইস চেয়ারম্যান মোঃ লতিফ খান, ভাইস চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক লেঃ জেঃ (অবঃ) ইঞ্জিঃ আবদুল ওয়াদুদ ও পরিচালকদের মধ্যে মো. ফরিদ খান, জাফর উম্মিদ খান, ফয়সাল করিম খান, আজিজা আজিজ খান, আরিফ আল ইসলাম, হেলাল উদ্দীন আহমেদ, সৈয়দ ফজলুল হক (এফসিএ) এবং কোম্পানী সচিব স্বপন কুমার পাল (এসিএ) সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ। এছাড়া উক্ত বার্ষিক সাধারণ সভায় বহু সংখ্যক শেয়ার হোল্ডারগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, সামিট পাওয়ার লিমিটেড পুঁজিবাজারে তালিকাভুক্তির পর থেকেই ধারাবাহিকভাবে লভ্যাংশ ঘোষণা করে আসছে।

সামিট পাওয়ার সম্পর্কে বিস্তারিত:

সামিট পাওয়ার লিমিটেড দেশের বেসরকারি খাতে বিদ্যুৎ উৎপাদনে শীর্ষস্থানীয় এবং পুঁজিবাজারে তালিকাভুক্ত একটি প্রতিষ্ঠান। বর্তমানে সামিট গ্রুপ মোট ১,৪৯০ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রীডে সরবরাহ করছে। এছাড়া সম্প্রতি সামিট পাওয়ার গাজীপুরের কড্ডায় মোট ৪৪৯ মেগাওয়াট ড়ামতাসম্পন্ন দুটি পাওয়ার প্ল্যান্ট স্থাপন করছে যা ২০১৮ সালের শুরুর দিকে সম্পন্ন হবে।

উন্নতমানের বিদ্যুৎ সরবরাহের স্বীকৃতি স্বরূপ সামিট গ্রুপের অঙ্গপ্রতিষ্ঠান বাংলাদেশ সরকার কর্তৃক ২০১৩ সাল থেকে ধারাবাহিকভাবে সেরা বিদ্যুৎ উৎপাদন প্রকল্পের স্বীকৃতি পেয়ে আসছে এবং ২০১৭ সালের মার্চ মাসে ক্রেডিট রেটিং এজেন্সি সিআরআইএসএল (CRISL) কর্তৃক দীর্ঘ মেয়াদে ট্রিপল 'এ' রেটিং অর্জন করেছে।

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান | ইমেইল-mohsena.hassan@summit-centre.com | মোবাইল- ০১৭১৩০৮১৯০৫